

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড  
ইরেসপো কর্মসূচি  
পল্লী ভবন, ৫ কাওরান বাজার, ঢাকা-১২১৫  
[www.iresppw-brdb.gov.bd](http://www.iresppw-brdb.gov.bd)

স্মারক নং ৪৭.৬২.০০০০.৯৬৬.০০.১৬৪.২২.৩১১

তারিখ: ০১/০৯/২০২৫ খ্রি

বিষয়:- ব্যাখ্যা তলব

সূত্র: উপপ্রকল্প পরিচালক, ইরেসপো এর ২১/০৭/২০২৫ তারিখের পরিদর্শন প্রতিবেদন

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে তঁর উপজেলায় ক্যাশবহি পর্যালোচনায় দেখা যায় যে, ৩০ জুন, ২০২৫ তারিখে ০৪টি ব্যাংক হিসাবে সঞ্চয়, প্রণোদনা, কু-ঋণ, সার্ভিস চার্জসহ বিভিন্ন অব্যয়িত খাতের মোট ৩,২৫,৭৫,৮০৩/- টাকা অলসভাবে ফেলে রাখা হয়েছে। এতে করে কর্মসূচির প্রায় ২১,৮০,০০০/- টাকা মুনাফা থেকে বঞ্চিত হয়েছে। এছাড়া ঋণ তহবিলের অর্থ বিনিয়োগ না করায় সুফলভোগীগণও ঋণ সুবিধা থেকে বঞ্চিত হচ্ছেন। ইতোপূর্বে বিভিন্ন তহবিলের অব্যয়িত অর্থ অলসভাবে ফেলে না রেখে স্বল্পমেয়াদী স্থায়ী আমানত হিসাবে সংরক্ষণের নির্দেশনা প্রদান করার পরও কেন বিপুল পরিমাণ অর্থ অলসভাবে চলতি/এসটিডি ব্যাংক হিসাবে ফেলে রেখে কর্মসূচির ২১,৮০,০০০/- টাকা ক্ষতি করা হয়েছে এবং ক্ষতির অর্থ আয়ন ব্যয়ন কর্মকর্তা হিসাবে কেন তঁর ব্যক্তিগত দায় হিসেবে নির্ধারণ করে আদায় করা হবে না তঁর সন্তোষজনক জবাব আগামী ৭ (সাত) কার্যদিবসের মধ্যে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

  
মোহাম্মদ রাশেদুল আলম  
কর্মসূচি পরিচালক  
ফোন-০২৪১০১০৩৪৩  
iresppwad@gmail.com

উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা  
পীরগঞ্জ, রংপুর

অনুলিপি: জ্ঞাতার্থে/কার্যার্থে:

১. উপপ্রকল্প পরিচালক (ইরেসপো), বিআরডিবি, ঢাকা;
২. উপপরিচালক, বিআরডিবি, রংপুর;
৩. প্রোগ্রামার, ইরেসপো, বিআরডিবি, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো);
৪. মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা;
৫. সহকারী পল্লী উন্নয়ন অফিসার, ইরেসপো, উপজেলা: পীরগঞ্জ, জেলা: রংপুর;
৬. সংশ্লিষ্ট উপজেলার ঋণ কার্যক্রম তদারকির দায়িত্বপ্রাপ্ত মনিটরিং কর্মকর্তা, ইরেসপো, বিআরডিবি, ঢাকা;
৭. পরিচালক (সরেজমিন) মহোদয়ের একান্ত সহকারী, বিআরডিবি, ঢাকা;
৮. অফিস নথি।